SL. No:- 014707 জয়গুরু I-5059

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

पश्चिमबङ्गाल पश्चिम बंगाल WEST BENGAL 631093

09/07/10

Certified that this document is admitted to registration. The signature sheet and the endorsement sheets attached herewith are the parts of this document.

Addl. Dist. Sub Registrar
Kharagpur
Dist.- Paschim Medinipur

09 JUL 2010

# বিক্রয় কোবালা

ক তপশীল- জেলা- পশ্চিম মেদিনীপুর, থানা- খড়গপুর, মৌজা- কৌশল্যা, জে, এল, নং- ৩১১,

১)আর, এস, ১৫৩ নং খতিয়ানে আর, এস ৫৮৯ দাগে বাস্তু যোগ্য পতিত ভূমি ২.৫৫ ডেঃ।

২)আর, এস, ৬২ নং খতিয়ানে আর, এস ৫৯২ দাগে বাস্তু যোগ্য পতিত ভূমি ১.৫১ ডেঃ।

দুইটি দাগে মোট সম্পত্তি ৪.০৬ ডেঃ।

**খ তপশীল-** জেলা- পশ্চিম মেদিনীপুর, থানা- খড়গপুর , মৌজা-
মীরপুর, জে, এল, নং- ২৪০,

আর, এস, ২২৪ নং খতিয়ানে আর, এস ৫৬৫ দাগে এবং আর, এস,
২৯৯ নং খতিয়ানে আর, এস ৫৬৬ দাগের মধ্যে ৬.১১ ডেঃ, এবং
উক্ত দুইটি দাগের মধ্যে অতিরিক্ত দখলীকৃত ১.০২ ডেঃ।

দুইটি দাগে মোট সম্পত্তি ৭.১৩ ডেঃ।

**দুইটি মৌজায় দুইটি তপশীলে সর্বমোট সম্পত্তি ১১.১৯ ডেঃ।**

**সর্বমোট মূল্য- ১৭,২৫,৮৭৮.০০ টাকা।**



## ক্রেতা

**শ্রী প্রভাত কুমার সিং, পিতা- ঁপূর্ণ চন্দ্র সিং ।**

জাতি- হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা- ব্যবসাদি, সাং- খরিদা সারদাপল্লী, পোঃ, থানা ও সাব রেজিষ্ট্রী অফিস- খড়গপুর, জেলা- পশ্চিম মেদিনীপুর ।



## বিক্রেতা বিক্রেত্রী গন

**১) শ্রীমতী ভবানী পাল (কুন্ডু)** **স্বামী- শ্রী সুব্রত কুমার পাল,** জাতি- হিন্দু , ভারতীয় নাগরিক, পেশা- গৃহস্থালী, সাং- ২৫৬ নং পঞ্চাননতলা রোড, পোঃ, থানা ও জেলা- হাওড়া।

**২) শ্রীমতী তৃপ্তি রানী পাল (কুন্ডু)** **স্বামী- শ্রী স্বপন কুমার পাল,** জাতি- হিন্দু , ভারতীয় নাগরিক, পেশা- গৃহস্থালী, সাং- পুরাতন বাজার, পোঃ, থানা ও সাব রেজিষ্ট্রী অফিস- খড়গপুর, জেলা- পশ্চিম মেদিনীপুর।

**৩) শ্রীমতী ঝুম্পু রানী নন্দী (কুন্ডু)** **স্বামী- শ্রী প্রতাপ চন্দ্র নন্দী,** জাতি- হিন্দু , ভারতীয় নাগরিক, পেশা- গৃহস্থালী, সাং- ১৭ নং ধর্মতলা লেন, ফ্ল্যাট নং- বি-১, শিবপুর, জেলা- হাওড়া।

বিক্রেত্রীগনের পক্ষে গত ইংরাজী ২৬/০৬/২০০৯ তারিখে খড়গপুর সাব রেজিষ্ট্রী অফিসের Book IV 148 নং রেজিষ্ট্রী কৃত আমমোক্তার নামা দ্বারা নিযুক্ত আমমোক্তার ও স্বয়ং **৪) শ্রী কৃষ্ণপ্রসাদ কুন্ডু** **পিতা- ভীমচরন কুন্ডু,** জাতি- হিন্দু , ভারতীয় নাগরিক, পেশা- ব্যবসাদি, সাং- কৌশল্যা, পোঃ, থানা ও সাব রেজিষ্ট্রী অফিস- খড়গপুর, জেলা- পশ্চিম মেদিনীপুর।

কস্য মঃ ১৭,২৫,৮৭৮.০০ (সতের লক্ষ পঁচিশ হাজার আট শত আঠাত্তর)টাকা মূল্যের রায়ত স্থিতিবান স্বত্বীয় দখলী হাল বাস্তু যোগ্য পতিত ভূমির যাবতীয় স্বত্ব লভ্য সহ নির্ব্যূঢ় স্বত্বে সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে, অত্র জেলা- পশ্চিম মেদিনীপুর, থানা ও সাবরেজিষ্ট্রী অফিস- খড়গপুর এর এলাকাধীন নিম্ন ক ও খ জমি অত্র দলিলের বিক্রেয় সম্পত্তি হইতেছে।

ক তপশীল বর্ণিত ৫৮৯ দাগে ২.৫৫ ডেঃ সহ মোট ১৯ ডেঃ জমি জনৈক কানাই ধাড়ার নামিত রিভিজন্যাল রেকর্ড ভুক্ত সম্পত্তি থাকাবস্থায় কানাই ধাড়া মহাশয় পরলোক গমন করিলে তাঁহার একমাত্র ওয়ারিস কন্যা শ্রীমতী নন্দ রানী রায় উক্ত সম্পত্তি ওয়ারিস সূত্রে প্রাপ্ত হইয়া ১১/০৩/১৯৬৯ তারিখে ৮৫৫ নং কোবালা মূলে জনৈক অমূল্য লহবাড়কে বিক্রয় করেন এবং অমূল্য লহবাড় উক্ত তারিখে অর্থাৎ ১১/০৩/১৯৬৯ তারিখে ৮৫৮ নং কোবালার দ্বারা জনৈক পার্বতী চরন মণ্ডলকে বিক্রয় করায় উক্ত পার্বতী চরন মণ্ডল সমূহ ১৯ ডেঃ সম্পত্তিতে দখলকার থাকাবস্থায় গত ১২/০৯/৭০ তারিখে খড়গপুর সাবরেজিষ্ট্রী অফিসের ৩১৬৬ নং কোবালা দ্বারা ১৩ ডেঃ সম্পত্তি ৬/১২/৭২ তারিখের উক্ত অফিসের ৩৫১১ নং কোবালার দ্বারা ০৫ ডেঃ সম্পত্তি শ্রীমতি ছবি রানী কুন্ডুকে বিক্রয় করেন এবং পার্ব্বতী চরন মন্ডল ১৯৭১ সালের খড়গপুর সাবরেজিষ্ট্রী অফিসের ১১১৮ নং কোবালার দ্বারা জনৈকা নির্মলা মাইতি (স্বামী শ্রী শিশির কুমার মাইতি) কে উক্ত ৫৮৯ দাগের ০১ ডেঃ সম্পত্তি বিক্রয় করেন তৎপরে ১৩/০৭/১৯৭৩ তারিখে খড়গপুর সাবরেজিষ্ট্রী অফিসের ২৫৩৯ নং কোবালার দ্বারা নির্মলা মাইতি তাঁহার ক্রীত ০১ ডেঃ সম্পত্তি ছবি রানী কুন্ডুকে বিক্রয় করেন এমতে শ্রীমতি ছবি রানী কুন্ডু ৫৮৯ দাগে মোট ১৯ ডেঃ সম্পত্তির মালিক হন। তৎপরে ছবি রানী কুন্ডু জনৈক অনিল কুমার বাড়েরিয়াকে ৫.৫০ ডেঃ সম্পত্তি এবং জনৈকা বনশ্রী হালদার কে ০১ ডেঃ মোট ৬.৫০ ডেঃ সম্পত্তি বিক্রয় করা বাদে ১২.৫০ ডেঃ সম্পত্তিতে স্বত্ববতী ও ভোগদখলকারিনী থাকেন।

এতদ্ব্যতীত "ক" তপশীল ভুক্ত ৫৯২ দাগের ১.৫১ ডেঃ সহ মোট ১২ ডেঃ সম্পত্তিঁ পঞ্চানন জীউ ঠাকুরের সেবাইত জনৈক মৃত্যুঞ্জয় হাজরার নামিত রিভিজন্যাল রেকর্ড ভুক্ত সম্পত্তি থাকাবস্থায় উক্ত মৃত্যুঞ্জয় হাজরা নিঃসন্তান থাকায় তাহার একমাত্র বৈমাত্র কনিষ্ঠ ভ্রাতা শ্রী জন্মেঞ্জয় হাজরাকে ১ খন্ড উইল দলিল সম্পাদন করিয়া ১৯৬৪ সালের ২৫ শে অক্টোবর তারিখে সেবাইত নিযুক্ত করিয়া পরলোক গমন করিলে পর জন্মেঞ্জয় হাজরা উক্ত উইলের প্রবেট গ্রহন পূর্বক দীর্ঘকাল সেবাইত স্বরুপে উক্ত সম্পত্তির আয় উপস্বত্ব দ্বারা সেবাপুজা কার্য্য করিতে থাকাবস্থায় উক্ত ঠাকুরের ভগ্ন মন্দির সংস্কারের জন্য অর্থের বিশেষ প্রয়োজনে গত ২০/১২/৭১ তারিখে খড়গপুর সাবরেজিষ্ট্রী অফিসের ৩৩৮০ নং কোবালার দ্বারা ৫৯২ দাগের ১২ ডেঃ গভীর জল জমি ছবি রানী কুন্ডুকে বিক্রয় করেন। ছবি রানী কুন্ডু উক্ত সম্পত্তিতে স্বত্ববতী ও দখলকারিনী থাকাবস্থায় উপরোক্ত অনিল কুমার বড়োরিয়াকে ৪.৫০ ডেঃ এবং বনশ্রী হালদার কে ০.৫০ ডেঃ সম্পত্তি বিক্রয় করিয়া দেন এবং বক্রী ০৭ ডেঃ সম্পত্তিতে দখলকারিনী থাকেন।

অতঃপর উপরোক্ত কৌশল্যা মৌজার ৫৮৯ দাগে ১২.৫০ ডেঃ এবং ৫৯২ দাগে ০৭ ডেঃ সম্পত্তির সরকারী ধার্য্য রাজস্বাদি প্রদান করতঃ নিজ নামিত চেক দাখিলা গ্রহনে উপরোক্ত মোট ১৯.৫০ ডেঃ সম্পত্তিতে স্বত্ববতী ও দখলকারিনী থাকাবস্থায় তিনি উক্ত সম্পত্তি খড়গপুর সাবরেজিষ্ট্রী অফিসের গত ২০০৭ সালের ৩৬৬৩ নং দানপত্র দলিল দ্বারা তাহার তিন কন্যা অর্থাৎ ১ নাগাদ ৩ নং বিক্রেত্রীগনকে দান করিয়া দিয়া তাহাদের অনুকূলে উক্ত ১৯.৫০ ডেঃ সম্পত্তির স্বত্বদখল পরিত্যাগ করেন। উক্ত দানপত্র দলিল মূলে আমরা ১ নাগাদ ৩ নং বিক্রেত্রীগন মালিক দখলকারিনী আছি।

আমি ১ নং বিক্রেত্রী কৌশল্যা মৌজার রিভিজন্যাল সেটেলমেন্টের ৩২৭ নং স্বত্বে ৫৯৩ দাগে ০১ ডেঃ সম্পত্তি ও ঐ মৌজায় ১৫৬ নং স্বত্বে ৫৮৮ দাগে ১.৫০

ডেঃ সম্পত্তি মোট ২.৫০ ডেঃ সম্পত্তি খড়গপুর সাবরেজিষ্ট্রী অফিসের ১১/০৫/৯৪ তারিখে ২৬২৯ নং কোবালার দ্বারা কৌশল্যা নিবাসী নির্মল কুমার নাটুয়ার নিকট হইতে খরিদ করিয়া তাহাতে দখলকারিনী থাকাবস্থায় গত ৩/৬/০৫ তারিখে খড়গপুর সাবরেজিষ্ট্রী অফিসের ৩৬৯৬ নং বিনিময় দলিল মূলে উক্ত ২.৫০ ডেঃ সম্পত্তি জনৈক শ্রী লক্ষীকান্ত পন্ডিত মহাশয়ের সঙ্গে বিনিময় মূলে কৌশল্যা মৌজার লাগোয়া পশ্চিমে মীরপুর মৌজায় শ্রী লক্ষীকান্ত পন্ডিত মহাশয়ের আর, এস, ২২৪ নং স্বত্বে আর এস ৫৬৫ দাগে ১.২৫ ডেঃ এবং আর এস ২৯৯ স্বত্বে আর এস ৫৬৬ দাগে ৪.৭৫ ডেঃ মোট ৬ ডেঃ মোট ৬ ডেঃ সম্পত্তি আমি ১ নং বিক্রেত্রী প্রাপ্ত হইয়া তাহাতে স্বত্ববতী ও দখলকারিনী আছি। শ্রী লক্ষীকান্ত পন্ডিত মহাশয় ৫৬৫ দাগের ১.২৫ ডেঃ এবং ৫৬৬ দাগের ৪.৭৫ ডেঃ সম্পত্তি সহ উক্ত দাগ দুইটিতে আরও কিছু সম্পত্তি খড়গপুর সাবরেজিষ্ট্রী অফিসের গত ২০০৩ সালের ৩৯১৬ নং ও ৭৩৯৫ নং কোবালা মূলে পুরাতন বাজার নিবাসী অশ্বিনী কুমার ধল ওরফে সীট মহাশয়ের নিকট হইতে তাহার রেকর্ড ভুক্ত সম্পত্তি খরিদ করিয়া স্বত্বদখল পরিচালনা করিতে থাকাবস্থায় উক্ত বিনিময় দলিল মূলে আমি ১ নং বিক্রেত্রী আর, এস, ২২৪ নং স্বত্বে আর এস ৫৬৫ দাগে ১.২৫ ডেঃ এবং আর এস ২৯৯ স্বত্বে আর এস ৫৬৬ দাগে ৪.৭৫ ডেঃ মোট ৬ ডেঃ সম্পত্তি লক্ষীকান্ত পন্ডিত মহাশয়ের নিকট হইতে উপরোক্ত বিনিময় দলিল মূলে প্রাপ্ত হইয়া সরকার বাহাদুরের সেরেস্তায় খাজনাদি প্রদানে স্বত্বদখল পরিচালনা করিয়া আসিতেছি।

আমি ৪ নং বিক্রেতা মীরপুর মৌজায় আর, এস ২৯৯ নং খতিয়ানে আর এস ৫৬৬ দাগে ০১ ডেঃ সম্পত্তি উপরোক্ত লক্ষীকান্ত পন্ডিত মহাশয়ের নিকট হইতে তাহার উপরোক্ত বর্নিত মতে অশ্বিনী কুমার ধল ওরফে সীট এর নিকট প্রাপ্ত সম্পত্তি হইতে খড়গপুর সাবরেজিষ্ট্রী অফিসের ১৮/১০/০৫ তারিখের ৩৬২০ নং রেজিষ্ট্রী কৃত কোবালা মূলে খরিদ করিয়া তাহাতে স্বত্ববান ও দখলকার আছি।

আমরা ১ নাগাদ ৪ নং বিক্রেতা বিক্রেত্রীগন মীরপুর মৌজার আর এস ২২৪ খতিয়ানে ৫৫৬ দাগে ২.৫০ ডেঃ ও ১.৫০ ডেঃ মোট ৪ ডেঃ জমি শ্রী গনেশ চিন্না ও শ্রী আনন্দ চিন্নার নিকট হইতে খড়গপুর সাবরেজিষ্ট্রী অফিসের ১৮/১০/০৫ তারিখে ৬৩২১ নং কোবালা মূলে খরিদ করিয়া তাহাতে স্বত্বদখল পরিচালনা করিয়া আসিতেছি। উক্ত গনেশ চিন্না ২.৫০ ডেঃ সম্পত্তি লক্ষীকান্ত পন্ডিত মহাশয়ের নিকট হইতে খড়গপুর সাবরেজিষ্ট্রী অফিসের ৩০/১/০৪ তারিখে ৪৬৮ নং কোবালা মূলে এবং আনন্দ চিন্না ১.৫০ ডেঃ সম্পত্তি লক্ষীকান্ত পন্ডিত মহাশয়ের নিকট হইতে খড়গপুর সাবরেজিষ্ট্রী অফিসের ৩০/১/০৪ তারিখে ৪৬৯ নং কোবালা মূলেখরিদ করিয়া ছিলেন।

আমরা ১ নাগাদ ৪ নং বিক্রেতা বিক্রেত্রীগন মীরপুর মৌজার আর এস ২২৪ খতিয়ানে ৫৬৫ দাগে ৭.৫০ ডেঃ এবং আর এস ২৯৯ খতিয়ানে আর, এস, ৫৬৬ দাগে ১.২৫ ডেঃ মোট ৮.৭৫ ডেঃ সম্পত্তি লক্ষীকান্ত পন্ডিত মহাশয়ের নিকট হইতে তাহার উপরোক্ত রূপে অশ্বিনী কুমার ধল ওরফে সীট এর নিকট খরিদ মূলে প্রাপ্ত সম্পত্তি হইতে খড়গপুর সাবেরিজষ্ট্রী অফিসের ১৮/১০/০৫ তারিখে ৬৩১৯ নং কোবালা মূলে খরিদ করিয়া তাহাতে স্বত্ববান, স্বত্ববতী ও ভোগদখলকার, ভোগদখলকারিনী আছি।

উপরোক্ত বিনিময় দলিল মূলে এবং ১৮/১০/০৫ তারিখের ৬৩১৯, ৬৩২০ ও ৬৩২১ নং বিক্রয় কোবালা মূলে আমি ১ নং বিক্রেত্রী ৫৬৫ দাগে ৪$\frac{১}{৮}$ ডেঃ ৫৬৬ দাগে ৫$\frac{১}{১৬}$ ডেঃ সম্পত্তির মালিক দখলকারিনী হইয়াছি। আমি ২ নং বিক্রেত্রী ৫৬৫ দাগে ২$\frac{৭}{৮}$ ডেঃ ৫৬৬ দাগে $\frac{৫}{১৬}$ ডেঃ সম্পত্তির মালিক দখলকারিনী হইয়াছি। আমি ৩ নং বিক্রেত্রী ৫৬৫ দাগে ২$\frac{৭}{৮}$ ডেঃ ৫৬৬ দাগে $\frac{৫}{১৬}$ ডেঃ সম্পত্তির মালিক দখলকারিনী হইয়াছি। আমি ৪ নং বিক্রেতা ৫৬৫ দাগে ২$\frac{৭}{৮}$ ডেঃ ৫৬৬ দাগে ১$\frac{৫}{১৬}$ ডেঃ সম্পত্তির মালিক দখলকার হইয়াছি। এতদ্ব্যতীত আমরা ৫৬৫ ও ৫৬৬ দাগে

অতিরিক্ত কিছু জমি ৩০ বৎসরের উর্দ্ধকাল অন্যের বিরুদ্ধ স্বত্বে দখল পরিচালনা করিয়া আসিতে ছি।

এক্ষনে আমরা ১ নাগাদ ৩ নং বিক্রেত্রীগন "ক" তপশীল বর্নিত সম্পত্তি বিক্রয়ের প্রস্তাব ঘোষনা করিলে আপনি তাহা বর্ত্তমান বাজার মূল্যে আপনার নামে আপনার স্বোপার্জিত অর্থে খরিদ করিতে চাহিলে আমরা তাহাতে সম্মত হইয়া সাক্ষীগন সাক্ষাতে "ক" তপশীল বর্নিত সম্পত্তির সমুহ মূল্য অদ্য আপনার নিকট হইতে গ্রহন করিয়া "ক" তপশীল বর্নিত সম্পত্তি আপনার অনুকুলে নিব্যূঢ় স্বত্বে বিক্রয় করিয়া দিলাম। আমরা ১ নাগাদ ৪ নং বিক্রেতা বিক্রেত্রীগন "খ" তপশীল বর্নিত সম্পত্তি যাহা "ক" তপশীল বর্নিত সম্পত্তির লাগোয়া পশ্চিমে অবস্থিত তাহাও বিক্রয়ের প্রস্তাব ঘোষনা করিলে আপনি তাহা বর্ত্তমান বাজার মূল্যে খরিদ করিতে চাহিলে আমরা তাহাতে সম্মত হইয়া সাক্ষীগন সাক্ষাতে "খ" তপশীল বর্নিত সম্পত্তির সমুহ মূল্য অদ্য আপনার নিকট হইতে গ্রহন করিয়া "খ" তপশীল বর্নিত সম্পত্তি আপনার অনুকুলে নির্ব্যূঢ় স্বত্বে বিক্রয় করিয়া দিলাম।

আপনি অত্র দলিল মূলে ক ও খ তপশীল বর্নিত সম্পত্তিতে আমাদের বা আমাদের পূর্ববর্তী মালিকের নাম খরিজে আপনার নাম জারী করতঃ, মালিক পশ্চিমবঙ্গ সরকার সেরেস্তায় ধার্য রাজস্বদি প্রদানে চেক দাখিলাদি গ্রহন করতঃ, সাম্প্রতিক সেটেলমেন্টে উহার নামে চুড়ান্ত স্বত্বলিপি প্রস্তুত করাইয়া দান, বিক্রয়, বন্ধকাদি সর্বপ্রকার হস্তান্তর ও রূপান্তরাদির মালিক হইয়া পুত্র, পৌত্রাদি ওয়ারিসান স্থলাভিষিক্ত গন ক্রমে চিরকাল যথেচ্ছ ভাবে ভোগদখল করিতে থাকিবেন। তাহাতে আমরা বা আমাদের ওয়ারিসান স্থলাভিষিক্ত গন ক্রমে কেহ কখনও কোন প্রকার ওজরাপত্তি বা দাবী দাওয়ার উদ্ভব করিতে পারিব না ও পারিবে না।

করিলে তাহা সর্বতো ভাবে বাতিল ও নামঞ্জুর হইয়া অত্র বিক্রয় কোবালা খানি সর্বত্র , সর্বতো ভাবে কায়েম ও বলবৎ থাকিবে।

প্রকাশ থাকে যে, অত্র বিক্রীত সম্পত্তি সম্পূর্ন নির্দায় ও নির্দোষ অবস্থায় রহিয়াছে। আরও প্রকাশ থাকে যে, অত্র বিক্রীত সম্পত্তির স্বত্বের হীনতা, ন্যুনতা, প্রযুক্ত বা দখলের দুর্বলতায় অথবা আমাদের কৃতকর্মের জন্য অত্র বিক্রীত সম্পত্তি হইতে বা উহার কিছু মাত্র অংশ হইতে আপনাকে বা আপনার ওয়ারিসান স্থলাভিষিক্ত গনকে কিছুমাত্র স্বত্ব বা দখল চ্যুত হইতে হইলে, বঞ্চিত সম্পত্তির হারাহারি মুল্য মায়, রেজিষ্ট্রী খরচাদি সহ যাবতীয় ক্ষতির পরিমিত অর্থ, আইন হারে সুদ সহ আপসে বা আদালতের মাধ্যমে আমরা ও আমাদের ওয়ারিসান স্থলাভিষিক্তগন আপনাকে বা আপনার ওয়ারিসান স্থলাভিষিক্তগনকে এককালীন আদায় দিতে বাধ্য থাকিলাম ও থাকিবে।

অত্র বিক্রীত ক ও খ তপশীল বর্নিত সম্পত্তির সঠিক অবস্থান নির্নয়ের জন্য অত্র দলিলের সহিত এক খানি হাত নক্সা সংযুক্ত করা হইল। সংযুক্ত হাত নক্সায় লাল রং দ্বারা রঞ্জিত করিয়া বিক্রীত ভূমি প্রদর্শিত হইল। সংযুক্ত হাত নক্সা খানি অত্র দলিলের একাংশ বলিয়া গন্য হইল ও হইবে।

এতদর্থে ক ও খ তফসিল বর্ণিত বিক্রীত সম্পত্তির ধার্যকৃত মূল্য মঃ ১৭,২৫,৮৭৮.০০ (সতের লক্ষ পঁচিশ হাজার আট শত আঠাত্তর)টাকা সাক্ষীগন সমক্ষে আপনার নিকট হইতে যে যাহার প্রাপ্যাংশানুযায়ী নগদ এককালীন বুঝিয়া পাইয়া আমরা স্বেচ্ছায়, সুস্থ শরীরে, সরলান্তকঃরনে, অন্যের বিনা প্ররোচনায় অত্র বিক্রয় কোবালা খানি যথারীতি সম্পাদন করিয়া দিলাম। ইতি-

বাংলা সন- ১৪১৭ সাল, তারিখ- ২৪ শে আষাঢ়।

ইংরাজী সন- ২০১০ সাল, তারিখ- ৯ ই জুলাই।

..............................................................................................................

# বিক্রীত সম্পত্তির তফসিল

## "ক" তপশীল বর্নিত সম্পত্তি

অত্র জেলা- পশ্চিম মেদিনীপুর, থানা- খড়গপুর , মৌজা- কৌশল্যা, জে, এল, নং- ৩১১,

১)আর, এস, ১৫৩ (এক শত তিপান্ন) নং খতিয়ানে আর, এস ৫৮৯ (পাঁচ শত উননব্বই) দাগে বাস্তু যোগ্য পতিত ভূমি ২.৫৫ (দুই দশমিক পাঁচ পাঁচ) ডেঃ।

২)আর, এস, ৬২ (বাষট্টি) নং খতিয়ানে আর, এস ৫৯২ (পাঁচ শত বিরানব্বই) দাগে বাস্তু যোগ্য পতিত ভূমি ১.৫১ (এক দশমিক পাঁচ এক) ডেঃ।

দুইটি দাগে মোট সম্পত্তি ৪.০৬ (চার দশমিক শূণ্য ছয়) ডেঃ।

---

## পরিমাপ

উত্তর বাহু- ৫৯′ - ৩″ দক্ষিন বাহু- ৬০′ - ৩″

পূর্ব বাহু- ৩৯′ - ৩″ পশ্চিম বাহু- ৩৯′ - ০″

সমান ৪.০৬ ডেঃ।

---

## চৌহুদ্দি

উত্তরে- মনিতা সিং।

দক্ষিনে- নাবালিকা শর্মিষ্ঠা সিং।

পূর্বে- ও. টি. রোড। পশ্চিমে- মীরপুর মৌজা।

---

বার্ষিক খাজনা মঃ ২.৫৫ টাকা মালিক পশ্চিম বঙ্গ সরকার পক্ষে বি, এল, এণ্ড এল, আর, ও, খড়গপুর সার্কেল নং- ১,

---

## "খ" তপশীল বর্নিত সম্পত্তি

অত্র জেলা- পশ্চিম মেদিনীপুর, থানা- খড়গপুর , মৌজা- মীরপুর, জে, এল, নং- ২৪০,

আর, এস, ২২৪ (দুই শত চব্বিশ) নং খতিয়ানে আর, এস ৫৬৫ (পাঁচ শত পঁয়ষট্টি) দাগে এবং আর, এস, ২৯৯ (দুই শত নিরানববই) নং খতিয়ানে আর, এস ৫৬৬ (পাঁচ শত ছিষট্টি) দাগের মধ্যে ৬ .১১ (ছয় দশমিক এক এক) ডেঃ, এবং উক্ত দুইটি দাগের মধ্যে অতিরিক্ত দখলীকৃত ১ .০২ (এক দশমিক শূণ্য এক)ডেঃ।

দুইটি দাগে মোট সম্পত্তি ৭ .১৩ (সাত দশমিক এক তিন)ডেঃ।

---

**পরিমাপ**

উত্তর বাহু- ৯০´ - ০´´ দক্ষিন বাহু- ৯৯´ - ০´´

পূর্ব বাহু- ২৭´ - ০´´ পশ্চিম বাহু- ২৭´ - ০´´

সমান ৭ .১৩ ডেঃ।

---

**চৌহুদ্দি**

উত্তরে- মনিতা সিং। দক্ষিনে- নাবালিকা শর্মিষ্ঠা সিং।

পূর্বে- কৌশল্যা মৌজা। পশ্চিমে- লক্ষীকান্ত পণ্ডিত।

---

বার্ষিক খাজনা মঃ ২.৫৫ টাকা মালিক পশ্চিম বঙ্গ সরকার পক্ষে বি, এল, এণ্ড এল, আর, ও, খড়গপুর সার্কেল নং- ১,

---

দুইটি মৌজায় দুইটি তপশীলে সর্বমোট সম্পত্তি ১১ .১৯ (এগার দশমিক এক নয়) ডেঃ। সর্বমোট মূল্য- **১৭,২৫,৮৭৮ .০০** টাকা।

---

অত্র দলিল বিক্রেতাগন ও ক্রেতার কহত মত লেখা হইয়াছে ও উক্ত দলিল পাঠ করিয়া বিক্রেতাগন ও ক্রেতা স্বয়ং অবগত হইলেন। ইতি লেখক শ্রী লক্ষ্মীকান্ত মহাপাত্র।

---

**মুসাবিদাকারক**

শ্রীলক্ষ্মীকান্ত মহাপাত্র.

শ্রী লক্ষ্মীকান্ত মহাপাত্র

দলিল লেখক

লাইসেন্স নং- ৩৪২

সাং- আমলপুর

খড়্গপুর সাব রেজিষ্ট্রী অফিস

**ইসাদি**

শ্রী অজিত পড়্যা

পিতা ও মনমথ পড়্যা

সাং- শীতপুর, পোঃ- চাঙ্গুয়াল

2) Durga Bit Singh

Madpur. KGP

3/ Mohan Kar

India

**টাইপকারক**

কৌশিক কর Koushik Kar.


ইন্দা, খড়্গপুর সাবরেজিষ্ট্রী অফিস

---

কৈঃ অত্র বিক্রয় কোবালা খানি ১৩ ফর্দ্দে সমাপ্ত হইয়াছে। ৩ জনা সাক্ষীর স্বাক্ষর আছে। ক্রেতা ও বিক্রেতার দুই হস্তের দশ আঙ্গুলের টীপ ছাপ সম্বলিত ১ খানি অতিরিক্ত ডেমি পেপার সংযুক্ত করা হইল। ইহা অত্র দলিলের একাংশ বলিয়া গন্য হইল ও হইবে।

---

MOUZA- KASHALYA. J.L.NO- 240. P.S. - KHARAGP..
DIST-PASCHIM MEDINIPUR. SCALE :— 1" = 33'-0"




## SCHEDULE OF THE LAND

| KH.NO- | MOUZA | PLOT NO. | AREA | TOTAL |
|---|---|---|---|---|
| | KAUSHALYA No.311 | 589<br>592 | 2'55DEC.<br>1'51DEC | 4'06DEC. |
| | MIRPUR No-240 | 565<br>566 | 6'11 DEC.<br>EXTRA<br>1'02DEC. | 7'13DEC. |

TOTAL=11'19 DEC. SHOWN IN RED WAS ▭

Drawn by Mandal Surveyor
8.12.08

দুই হস্তের দশ আঙ্গুলের টিপ ছাপ

| L.T.I. | I.F. | M.F. | R.F. | L.F. |
|---|---|---|---|---|
| R.T.I. | I.F. | M.F. | R.F. | L.F. |

SIGNATURE

দুই হস্তের দশ আঙ্গুলের টিপ ছাপ

| L.T.I. | I.F. | M.F. | R.F. | L.F. |
|---|---|---|---|---|
| R.T.I. | I.F. | M.F. | R.F. | L.F. |

SIGNATURE

Government of West Bengal
Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue
Office of the A. D. S. R. KHARAGPUR, District- Paschim Midnapore
Signature / LTI Sheet of Serial No. 04707 / 2010, Deed No. (Book - I , 05059/2010)

I . Signature of the Presentant

| Name of the Presentant | Signature with date |
|---|---|
| Sri Krishna Prasad Kundu | 09/07/2010 |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Krishna Prasad Kundu<br>Address -Kaushallya, KHARAGPORE, Thana:-Kharagpur Town, District:-Paschim Midnapore, WEST BENGAL, India, P.O. :-Kharagpur | Self and as Attorney | <br>09/07/2010 | <br>LTI<br>09/07/2010 | |

**Name of Identifier of above Person(s)**

Ajit Paria
Village:Dhitpur, Thana:-Kharagpur, District:-Paschim Midnapore, WEST BENGAL, India, P.O. :-Changual

**Signature of Identifier with Date**

09/07/2010

(Anindya Sundar Pradhan)
A. D. S. R. KHARAGPUR
Office of the A. D. S. R. KHARAGPUR

## Government Of West Bengal
### Office Of the A. D. S. R. KHARAGPUR
### District:-Paschim Midnapore

### Endorsement For Deed Number : I - 05059 of 2010
### (Serial No. 04707 of 2010)

**On 09/07/2010**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23,4 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

**Payment of Fees:**

Fee Paid in rupees under article : A(1) = 18975/- ,E = 7/- on 09/07/2010

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-1725878/-

Certified that the required stamp duty of this document is Rs.- 99455 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty

1. Rs. 34500/- is paid, by the draft number 699857, Draft Date 09/07/2010, Bank Name State Bank of India, INDA, received on 09/07/2010
2. Rs. 30000/- is paid, by the draft number 699858, Draft Date 09/07/2010, Bank Name State Bank of India, INDA, received on 09/07/2010
3. Rs. 30000/- is paid, by the draft number 699859, Draft Date 09/07/2010, Bank Name State Bank of India, INDA, received on 09/07/2010

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 13.49 hrs on :09/07/2010, at the Office of the A. D. S. R. KHARAGPUR by Sri Krishna Prasad Kundu ,Executant.

**Executed by Attorney**

Execution by

1. Sri Krishna Prasad Kundu, son of Late Bhim Charan Kundu , Kaushallya, KHARAGPORE, Thana:-Kharagpur Town, District:-Paschim Midnapore, WEST BENGAL, India, P.O. :-Kharagpur By Caste Hindu By Profession: Business,as the constituted attorney of 1.Smt Bhabani Pal ( Kundu) 2.Smt Tripti Rani Pal ( Kundu) 3.Smt Jhupu Rani Nandi ( Kundu) is admitted by him.

   Identified By Ajit Paria, son of Late Ganapati Paria, Village:Dhitpur, Thana:-Kharagpur, District:-Paschim Midnapore, WEST BENGAL, India, P.O. :-Changual , By Caste: Hindu, By Profession: Others.

( Anindya Sundar Pradhan )
A. D. S. R. KHARAGPUR

( Anindya Sundar Pradhan )
**A. D. S. R. KHARAGPUR**

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 14
Page from 269 to 287
being No 05059 for the year 2010.

(Anindya Sundar Pradhan) 09-July-2010
A. D. S. R. KHARAGPUR
Office of the A. D. S. R. KHARAGPUR
West Bengal